

অধ্যায়: বিদায় হজ

গল্পটি সম্পর্কে যে বিষয়গুলো গুরুত্ব দিয়ে পড়তে হবে

- \*বিদায় হজের তাৎপর্য
- \*সামাজিক ও ধর্মীয় সম্প্রীতির জাগরণ
- \*অসহায়দের প্রতি মমত্ববোধ সৃষ্টি
- \*ইসলাম ধর্মের শ্রেষ্ঠত্ব অনুধাবন
- \*মহানবি (স)- এর জীবনাদর্শ

গল্পটি সম্পর্কে অল্প কথায় জেনে নেই:

এ রচনার ইসলাম ধর্মের শ্রেষ্ঠ নবি হযরত (স) -এর বিদায় হজ সম্পর্কে বলা হয়েছে । তিনি এ পৃথিবীতে এসেছিলেন আদর্শ মানবজীবনের প্রতীক হিসেবে । তিনি মানুষের কাছে পৌঁছে দিয়েছেন সত্য, ন্যায়, ও মানবতার বাণী । হজ উপলক্ষ্যে আরাফাত ময়দানে নবিজি (স)- এর শেষ ভাষণটিই 'বিদায় হজ' নামে খ্যাত । এই ভাষণে তিনি সামাজিক ও ধর্মীয় সম্প্রীতির কথা বলেছেন । পাশাপাশি অসহায়দের প্রতি সদাচরণ ও ন্যায়-অন্যায় বোধের উপদেশ দিয়েছেন । তিনি সকলকে কুরআন ও তাঁর জীবনের আদর্শ অনুসরণ করে পথ চলতে পরামর্শ দিয়েছেন ।

\*শিক্ষার্থীরা গল্পের (প্রথম অংশ) দশম হিজরি । আরবদেশের অনেকেই তখন.....

.....

..... হয়ত তারা এই উপদেশ তারা বেশি করে মনে রাখবে ।

আমার বাংলা বই( ৯৫পৃষ্ঠা ও ৯৬ পৃষ্ঠা)

পঠিত অংশ থেকে নতুন শব্দের অর্থ:

হিজরি=খ্রিস্টের জন্মের ৬২২ বছর পরে হযরত মুহাম্মদ (স)-এর মক্কা ত্যাগ করে মদিনায় গমনের(হিজরতের) দিন থেকে গণিত চান্দ্র অর্ধ বা বছর ।

হজ=হিজরি জিলহজ মাসের ৯ তারিখে নির্দিষ্ট স্থানে ইহরাম বেঁধে মক্কার অদূরবর্তী আরাফাত ময়দানে অবস্থান ও পরে কাবার তওয়াফসংবলিত ইসলামি অনুষ্ঠান ।

মহানবি=আল্লাহর পয়গম্বর; রাসুল;প্রেরিত পুরুষদের মধ্যে শ্রেষ্ঠ যিনি । শেষ নবি হযরত মুহাম্মদ (স)- কে মহানবি হিসেবে আখ্যায়িত করা হয় ।

কাবাশরিফ=মক্কায় অবস্থিত বিখ্যাত আল্লাহর ঘর ।

আরাফাত=মক্কা থেকে প্রায় বারো মাইল পূর্বে অবস্থিত প্রসিদ্ধ ময়দান ।

ভাষণ=বক্তৃতা, বিবৃতি, উক্তি ।

স্মরণ=মনে করা ।

হাজির=উপস্থিত ।

ক্রীতদাশ=টাকার বিনিময়ে কেনা দাশ ।

সম্পত্তি=জায়গা-জমি,সম্বল

দখল=জোর করে আয়ত্তে আনা ।

আমির=ধনী, সম্ভ্রান্ত ব্যক্তি ।

### **\*পড়ানো অংশ থেকে এক বাক্যের উত্তর দাও :**

১. মহানবি (স:) কত হিজরি সনে ভাষণ প্রদান করেন?
২. কোন দেশের লোকেরা সবাই ইসলাম ধর্ম গ্রহণ করেছেন?
৩. কত লক্ষ মানুষ হজ পালন করতে আসে?
৪. কোন ময়দানে সবাই সমবেত হয়েছে?
৫. নবিজির ভাষণ কী নামে খ্যাত?
৬. নবিজির কয়টি কথা বিশেষভাবে মনে রাখতে বলেন?
৭. কোন দেশের লোকেরা সবাই ইসলাম ধর্ম গ্রহণ করেছেন?
৮. মহানবি (স:) অন্তরে কীসের আস্থান অনুভব করলেন?
৯. কোন মাসে সবাই সমবেত হয়েছে?
১০. কখন আরব দেশের অনেকেই ইসলাম ধর্ম গ্রহণ করেছিল?
১১. মহানবী হযরত মুহাম্মদ (স:) মানুষের কাছে কিসের বাণী পৌঁছে দিয়েছিলেন?
১২. কখন মহানবি অন্তরের কাবার আহবান অনুভব করেছিলেন?

১৩. মহানবি কাদের সাথে হজ পালন করার জন্য স্থির করলেন?
১৪. কোন মাসে হজ পালন করা হয়?
১৫. কেন হাজার হাজার মানুষ নবিজি (স:) কাছে সমবেত হয়েছে?
১৬. যিলকাদ মাসের শেষের দিকে মহানবি (স:) কাদের সঙ্গে মক্কারপথে যাত্রা করেছিলেন?
১৭. আরাফাত ময়দানে এসে মহানবি (স:) এমন আনন্দে ভরে গেল কেন?
১৮. কোন পাহাড়ে দাঁড়িয়ে মহানবি (স:) সমবেত মানুষের উদ্দেশে ভাষণ দিয়েছিলেন?
১৯. নবিজি (স:) শেষ ভাষণ কী নামে খ্যাত?
২০. আল্লাহ কেন আমাদের কাছে হিসাব চাইবেন?
২১. নবিজি (সা:) আমিরদের নিয়ে কী বলেছেন?
২২. মুসলমানদের মধ্যে সম্পর্ক কী?
২৩. নবিজি (সা:) সম্পত্তি নিয়ে কী বলেছেন?
২৪. নবিজি (স:) কাদের কাছে তার উপদেশ পৌঁছে দিতে বলেছেন?

\*যুক্তবর্ণ ভেঙে শব্দ গঠন ও বাক্য গঠন কর:

র্ম, ত্য, ন্য, স্ত, স্ক, হ্র, ক্ক, ক্ষ, খ্য, শ্র, স্ম, ভ, ম্প, ঠ, ক্র,

ওয়ার্ক বুকের (১৪৪ পৃষ্ঠার) সমার্থক শব্দ পড়বে: